# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মো: আশরাফ উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার তারিখ : ২৮.১২.২০২৩ খ্রিস্টাব্দ
সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, গফরগাঁও উপজেলা পরিষদ মাসিক উন্নয়ন ও সমন্বয় কমিটির সভার উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যপত্রঃ<br>(১) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পিআইসি এবং টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় অনুমোদিত প্রাক্কলনের তালিকা বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের বরাদ্ধের প্রেক্ষিতে পিআইসি ও টেন্ডারের তালিকা চুড়ান্তভাবে উপজেলা পরিষদ মাসিক উন্নয়ন ও সমন্বয় সভায় অনুমোদন প্রয়োজন।<br>(২) ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকাল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের স্মারক নং-৪৬.০২.০০০০.০০০.০০০.২২.৪৬৫ তারিখ ১৬-১১-২০২৩ইং মূলে "জয় উ-ঝউঐ ঈবহঃবৎ " নির্মানের জন্য উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প এর আওতায় বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উপজেলা সম্প্রসারিত প্রশাসনিক ভবন সমূহে ৫ম/৬ষ্ঠ তলায় একতলা উর্দ্ধমূখী সমপ্রসারণ করা হবে বলে পত্রের মাধ্যমে জানান। যার প্রেক্ষিতে অত্র দপ্তরের কারিগরী কর্মকর্তা ও কর্মচারীগণ সরেজমিনে সাইট পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করেন। প্রাক্কলনটি যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর হলে প্রকল্প পরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করা হবে।<br>(৩) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন-২ শাখার উপসচিব মহোদয়ের স্মারক নং-৪৬.০৬৮.০১০.০০.০০.০১৫.২০২১.৭৪৪ তারিখঃ ২৯-১১-২০২২ ইং মোতাবেক ভৌত অবকাঠামো নির্মাণ কাজে গুগতমান সম্পন্ন ইটের ব্যবহার নিশ্চিতকরণে লক্ষ্যে ইট ভাটায় মান সম্পন্ন ইটের উৎপাদন নিশ্চিত করা এবং নিবিড় তত্ত্বাবধানের লক্ষ্যে কমিটি গ্রহণ করেছেন। যা নিম্নরুপ ঃ<br>০১। উপজেলা নির্বাহী অফিসার — সভাপতি<br>০২। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর — সদস্য<br>০৩। গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলার মনোনীত প্রতিনিধি — সদস্য<br>০৪। পরিবেশ অধিদপ্তরের মনোনীত প্রধিনিধি — সদস্য<br>০৫। ইটভাটা মালিক সমিতির সভাপতি/মনোনীত প্রধিনিধি — সদস্য<br>০৬। ঠিকাদার সমিতির সভাপতি/প্রধিনিধি — সদস্য<br>০৭। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর — সদস্য-সচিব<br>ইট ভাটায় মান সম্পন্ন ইটের উৎপাদন নিশ্চিত করা এবং নিবিড় তত্ত্বাবধানের লক্ষ্যে সভার আহ্বান করা প্রয়োজন। | ১। যে সকল কাজ চলমান রয়েছে সেগুলোর গুনগত মান ঠিক রেখে দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। চলমান কাজ মনিটরিং করতে হবে। | উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, গফরগাঁও/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, **অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি), কাবিখা/কাবিটা এবং টিআর সাধারণ ও নির্বাচনী প্রকল্পের কাজ চলমান রয়েছে। হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের ০৩টি প্যাকেজের ঠিকাদার অনুমোদনের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর তথ্যাদি প্রেরণ করা হয়েছে। এছাড়াও এ বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।** | সকল কাজের গুনগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে মোট ১৫৫৬ হেক্টর বোরো বীজতলা হয়েছে। যা দিয়ে এ বছর প্রায় ২২০০০ হেক্টর জমিতে বোরো আবাদ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, ইতোমধ্যে প্রায় ৫২% রোপন কাজ সম্পন্ন হয়েছে। রবি মৌসুমে প্রনোদনার কর্মসূচির মাধ্যমে ১১৩৮৫ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ধান,গম,সরিষা,ভূট্টাসহ বিভিন্ন ফসলের বীজ ও রাসায়নিক সার বিতরণ করা | ১। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে।<br>২। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| | হয়েছে। যা মাঠ পর্যায়ে দৃশ্যমান রয়েছে। বিশেষ করে সরিষা চাষে কৃষকদের আগ্রহ খুব আশাব্যঞ্জক। উল্লেখ্য যে এ বছর সরিষা আবাদ এরিয়া গত বছরের তুলনায় দ্বিগুনের বেশি (৬২৫হেক্টর)। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি যাচাইকরত: উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগন রোস্টার ভিত্তিক সার্বক্ষনিক মনিটরিং করে যাচ্ছেন।বিগত বছরের চেয়ে জানুয়ারী/২০২৪খ্রি: রাসায়নিক সারের মজুদ তুলনামূলক অনেক বেশি। কোথাও কোন সারের সংকট নেই। সারের সংকট রয়েছে বলে যেন কেও গুজব ছড়াতে না পারে সকলের সহযোগিতা কামনা করছি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অন্তর্ভুক্ত করতে হবে। | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা সভায় জানান যে, সরকার ধারণা করছেন সামনের দিনগুলোতে করোনার প্রাদুর্ভাব আরো বৃদ্ধি পেতে পারে সেজন্য সকলকেই পূর্ব থেকেই সতর্ক থাকতে হবে। সে লক্ষে গণহারে ১ম, ২য় ও ৩য় ডোজের টিকাদান কর্মসূচি চলমান রয়েছে। এছাড়াও সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মাঝে টিকা প্রদান করা হচ্ছে। সকলকে স্বাস্থ্যবিধি মানার ব্যাপারে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করেন। আউটডোরে ২ জন আনসার এর দায়িত্ব প্রদানের জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম বৃদ্ধি করতে হবে।<br>২। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>০৩। দালাল এবং ব্যক্তিমালিকানাধীন যানবাহন হাসপাতালের ভিতরে প্রবেশ বন্ধ করতে হবে।<br>৪। আনসারের দায়িত্ব প্রদানে বিধি মোতবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, প্রাণি সম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায় ১১টি প্রোডিওসার গ্রুপের প্রশিক্ষণ চলমান। চলতি মাসে ৮৪২টি কৃত্রিম প্রজনন হয়েছে এবং কার্যক্রম চলমান। মোট ২৫,০০০টি গবাদি পশুর টিকা, মোট ২,৯২,৫০০টি হাঁস-মুরগির টিকা দেয়া হয়েছে। কার্যক্রম চলমান। এ উপজেলা চলতি মাসে ২২৪০ মে.টন দুধ, ১৮০২ মে. টন মাংস, ৪০.৪৫ লক্ষ ডিম উৎপাদন করা হয়েছে। উৎপাদন বৃদ্ধি করার জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর কাজ করে যাচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে।<br>৩। প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের এন এ টিপি-২ প্রকল্পের আওতায় ১২টি সিআইজি মৎস্য চাষী সমিতি সদস্যদের মাঝে ১২টি প্রদর্শনী মৎস্য খামার স্থাপন করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |
| ০৮ | উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, লোডশেডিং কমিয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহকরণ অব্যাহত রয়েছে। বকেয়া সংযোগ বিচ্ছিন্নকরণ ও বকেয়া আদায়করণ চলমান রয়েছে। অবৈধ লাইন সনাক্তকরণ ও সিস্টেম লস কমানো হচ্ছে। মসজিদ, মাদ্রাসাকে প্রিপেইড মিটারং এর আওতায় আনা হচ্ছে। সর্বোপরি জনগণকে জটিলতামুক্তভাবে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষে বিদ্যুৎ বিভাগ নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।<br>২। লোডশেডিং এর বিষয়ে অবহিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে,<br>১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর আওতাধীন উপজেলা পর্যায়ে ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম স্কিম প্রশিক্ষণ প্রথম ব্যাচে ৬৫০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছে এবং দ্বিতীয় ব্যাচে ৪৩৪ জন, ২০-২৪/০১/২০২৪ তারিখ পর্যন্ত চলমান থাকবে।<br>২। প্রতিষ্ঠান প্রধানগণের ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম স্কিম প্রশিক্ষণের তালিকা যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রেরণ করা হয়েছে।<br>৩। ২০২৪ সালে ৮০% পাঠ্যপুস্তক উপজেলায় পৌচেছে। প্রতিষ্ঠান পর্যায়ে ৬০% পাঠ্য-পুস্তক বিতরণ করা হয়েছে। বিতরণ প্রক্রিয়া চলমান রয়েছে। কয়েকদিনের মধ্যে ৮০% পাঠ্য-পুস্তক বিতরণ হয়ে যাবে।<br>৪। ৫১তম শীতকালীন খেলাধূলা যথানিয়মে সম্পন্ন করা হয়েছে ।<br>৫। শেখ কামাল আন্তঃ স্কুল ও মাদ্রাসা এ্যাথলেটিকস প্রতিযোগিতা প্রথম বারের মত প্রতিষ্ঠান পর্যায়ে হয়েছে। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। যথাযথভাবে পাঠ্যপুস্তক সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>৩। শেখ কামাল আন্তঃ স্কুল ও মাদ্রাসা এ্যাথলেটিকস প্রতিযোগিতা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার (ভারঃ), সভায় জানান যে, জরাজীর্ণ ভবন নিলামে বিক্রয়ের কার্যক্রম গ্রহন করা হয়েছে। সহকারী উপজেলা শিক্ষা অফিসারদের গ্রেডশন তালিকা হালনাগাদ যাচাই বাছাই করণ চলছে। বড় ধরণের মেরামতের তালিকা প্রস্তুত করণ। ০৪ জন শিক্ষকের পি.আর.এল ও পেনশন মঞ্জুরি সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ। সকল শিক্ষকের চাকুরি স্থায়ী করা হয়েছে। বিন্যামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রমে ব্যবস্থা গ্রহণ। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। বিদ্যালয় পরিদর্শন বৃদ্ধি করতে হবে।<br>২। শিক্ষকদের নিয়মিত ক্লাশে উপস্থিত নিশ্চিত করতে হবে।<br>৩। যথাযথভাবে পাঠ্যপুস্তক সরবরাহ নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১১ | <u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> **২০২৩-২০২৪ অর্থ বছরের প্রথম কিস্তির ভাতার অর্থ ভাতাভোগীদের নগদ একাউন্টে প্রেরণ করা হয়েছে।** ক্যানসার, কিডনী, লিভারসিরোসিস,স্টোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচী হতে আর্থিক অনুদান পাওয়ার লক্ষ্যে অত্র উপজেলা হতে ০১।ক্যানসার—২০টি, ০২। কিডনী—০৯ টি, ০৩।লিভারসিরোসিস -০১টি, ০৪।স্টোকে প্যারালাইজড-০৭টি, ০৫।জন্মগত হৃদরোগ-০২টি, ০৬।থ্যালাসেমিয়া—০৩টি সর্বমোট= ৪২ টি আবেদন সকল প্রকার **কার্যক্রম** শেষে জেলা সমাজসেবা **কার্যালয়ে** প্রেরণ করা **হয়েছে। ১৫টি ইউনিয়নে শিশু সুরক্ষার উপরে সমাজকর্মীর গুরুত্ব বিষয়ে সেমিনার চলমান। ০৬টি ইউনিয়নের কাজ সম্পন্ন হয়েছে। বাকী ইউনিয়নের কাজ চলমান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।** | **সকল ভাতা কার্যক্রম মনিটরিং করতে হবে।** | **উপজেলা সমাজসেবা অফিসার** |
| ১২ | <u>বিআরডিবিঃ</u> **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মূল কর্মসূচী: বিআরডিবির প্রতিনিধি সভায় জানান যে, সমিতি গঠন: পুরুষ=৪৬৭ টি, মহিলা=৭৬ টি, সদস্য সংখ্যা: পুরুষ=১৩৬৩৯ জন, মহিলা=১৮৭৫ জন। শেয়ার আদায়: পুরুষ=২৬.৩১ লক্ষ টাকা, মহিলা=৪.২২ লক্ষ টাকা। সঞ্চয় আদায়: পুরুষ=৫৬.৬০ লক্ষ টাকা, মহিলা=১৪.৭০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ তহবিল প্রাপ্তি=১০৭০.৫১ লক্ষ টাকা। ঋণ গ্রহন: পুরুষ=১০১১.০৬ লক্ষ টাকা, মহিলা=৩০৮.৬০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায়: পুরুষ=৮২৪.০৭ লক্ষ টাকা, মহিলা=৩০১.৫২ লক্ষ টাকা। মূল কর্মসূচী ব্যতীত সদাবিক কর্মসূচীর ঋণ তহবিল প্রাপ্তি=৬৬.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ=২৩৫.৮৯ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায়=১৬১.০৭ লক্ষ টাকা। আবর্তক ঋণ তহবিল প্রাপ্তি=১৪.০৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ=১১০.২০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় =৯২.৮৮ লক্ষ টাকা। বীর মুক্তিযোদ্ধা ঋণ তহবিল প্রাপ্তি=১৮.৯৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ=৩৪.৮৫ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায়=১৯.৮১ লক্ষ টাকা। পল্লী প্রগতি কর্মসূচীর ঋণ তহবিল প্রাপ্তি=১৭.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ = ৪৪.৭২ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় =৩০.০৩ লক্ষ টাকা। এসএমই ঋণ তহবিল প্রাপ্তি=৩৫.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায়=১০.০১ লক্ষ টাকা। ইহা ছাড়াও পিআরডিপি-৩ প্রকল্পটি গফরগাঁও উপজেলার লংগাইর ইউনিয়ন এবং টাংগাব ইউনিয়নে চলমান রয়েছে। তিনি সভায় আরও জানান যে, উপজেলা পরিষদে বিআরডিবি কর্তৃক নির্মিত ০৩ টি জোড়াবাড়ীর বিভিন্ন ফ্ল্যাটে বিভিন্ন জন বরাদ্দ না দিয়ে দীর্ঘদিন যাবৎ অবস্থান করায় ঋণ হওয়ায় ইউএনও মহোদয় তাদের নামে বরাদ্দ দিয়েছেন এবং নির্দেশনা প্রদান করেছেন। ২০ নভেম্বর/২৩ তারিখের মধ্যে বকেয়া ভাড়া, বিদ্যুৎ বিল ও গ্যাস বিল অর্ধেক পরিশোধ করবেন এবং ২০ ডিসেম্বর/২২ খ্রি. তারিখের মধ্যে বাকী অর্ধেক টাকা পরিশোধ করার নির্দেশনা প্রদান করলেও শুধুমাত্র শাহীনা পারভীন ০৪ মাসের বাসা ভাড়ার টাকা =১৬,০০০/-(ষোল হাজার) টাকা ব্যাংকে জমা প্রদান করেছেন। বাসায় বসবাসরত ব্যক্তিবর্গের বকেয়া বাসা ভাড়া, গ্যাস বিল ও বিদ্যুৎ বিল আগামী ৩১ ডিসেম্বর/২০২৩ খ্রি. তারিখের মধ্যে পরিশোধের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। পাশাপাশি বিআরডিবি কর্তৃক ০৩টি জোড়া বাড়ি মেরামতের জন্য অনুরোধ জানান। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।** | **১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।** | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার** |
| | **০২। <u>পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ):</u> উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।** | **২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।** | **উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)** |

| ক্র নং | পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় | | | | পল্লী জীবিকায়ন কর্মসূচি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমবর্ধমান | বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমবর্ধমান |
| ১ | দলগঠন | - | - | ০৭ | সমিতি গঠন | ০ | ০ | ৮৪ |
| ২ | রূপান্তর | ৮৩ | ০৫ | ০৫ | সদস্য ভর্তি | ০ | ০ | ২২২৪ |
| | সদস্য ভর্তি | ৩৫ | ৩৫ | ১৬৫ | শেয়ার আদায় | .৩৫ | ০.০১ | ৮.৭৯ |
| | রূপান্তর | ৬৩১ | ৩৫ | ৭০ | | | | |
| | সঞ্চয় জমা | ১.৫০ | ১.৫০ | ১.৫০ | সঞ্চয় আদায় | ১.১৫ | ০.১০ | ২৮.৬৯ |
| | রূপান্তর | ৬.৩২ | .৬০ | .৭৫ | | | | |
| | ঋণ বিতরণ | ২৫.৫০ | ১০.৩৫ | ৩৪.৭৫ | ঋণ বিতরণ | ১.৯৯ | - | ৫৩৩.৪২ |
| | রূপান্তর | ১.২৫ | - | ১.২৫ | | | | |
| | ঋণ আদায় | ১.৫০ | ২.০৫ | ২.৯৫ | ঋণ আদায় | .৬২ | .২৫ | ৪৭৪.৮৫ |
| | রূপান্তর | .৩৫ | .১৫ | ০.৫০ | | | | |
| ১৫ | এসএমই ঋণ | ২৮.৭০ | ২.৫০ | - | | | | - |
| ১৬ | প্রশিক্ষণ | - | - | | প্রশিক্ষণ | ০ | ০ | |

<table>
<tr><td></td><td><table><tr><td></td><td></td><td></td><td>২৪০</td><td></td><td></td><td></td><td></td><td></td></tr></table>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩</td><td>আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক): উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে।<table>
<tr><th>ক্র. নং</th><th>সংখ্যা</th><th>মোট</th></tr>
<tr><td>০১</td><td>সমিতির সংখ্যা</td><td>৪২১টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য সংখ্যা</td><td>১৯,২২৭ জন</td></tr>
<tr><td>০৩</td><td>মাসের সঞ্চয় আদায়</td><td>৭.০০ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৪</td><td>বছরে সঞ্চয় আদায়</td><td>২৩.০২ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৫</td><td>মাসের ঋণ আদায়</td><td>৯২.০০ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৬</td><td>বছরে ঋণ আদায়</td><td>৫৮২.৪৮ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৭</td><td>মাসের ঋণ বিতরণ</td><td>৯০.০০ লক্ষ টাকা</td></tr>
<tr><td>০৮</td><td>বছরে ঋণ বিতরণ</td><td>৫৪৯.৪৪ লক্ষ টাকা</td></tr>
</table>অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।</td><td>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২৩খ্রি. মাসের ভি ডব্লিউবি (ভিজিডি) এর ডিও দেওয়া হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে বিতরন করে প্রতিবেদন দাখিলের জন্য সকল চেয়ারম্যানগনকে অনুরোধ জানান। অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিডব্লিউবি চক্র ২০২৩-২৪ ( পূর্বের নাম ভিজিডি) নতুন উপকারভোগীদের অনলাইনে আবেদন গত ২৫/১১/২০২৩খ্রি. তারিখ সম্পন্ন হয়েছে। সর্বোচ্চ স্কোরের ভিত্তিতে যাচাই-বাছাই শুরু হবে।</td><td>ভিজিডি কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, নভেম্বর/২০২৩ মাসের ওএমএস চাউল ৮৮.০০০ মে.টন, ভিজিডি খাতে ৭৫.০৬০ মে.টন, খাদ্য বান্ধব খাতে ৪৯১.৩১০ মে.টন, জি, আর ৫০০ কেজি কাবিখা গম ৬৬.৮০৫, চাল ১৫.৭৬২ কেজি বিতরণ করা হয়েছে। বর্তমানে গুদামে চাল/গম মজুদ আছে চাল ২৮০.৯২০, গম ৪৪,৯১৭ মে.টন। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় কার্ডধারীদের মাঝে চাল বিক্রয় ৪৯০.১৪ মে.টন। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরীদের সার্বিক পরিস্থিতি উন্নয়ন রক্ষায় কার্যক্রম চলমান রয়েছে। নভেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন।<br>সক্ষম দম্পতি ৮৮৭৩৫, গ্রহণকারী-৬৯০৭৫, সি.এ.আর-৭৭.৮৪%<table>
<tr><th>বিভিন্ন পদ্ধতির নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>খাবার বাড়ি</td><td>৩৪৫৬৬</td><td>৩৮৫১৫</td><td>১১১.৪২%</td></tr>
<tr><td>কনডম</td><td>৬২০৪</td><td>৫৯৫৭</td><td>৯৬.০২%</td></tr>
<tr><td>ইনজেকশন</td><td>১৬৮০০</td><td>১০০৭৫</td><td>৬১.৯০%</td></tr>
<tr><td>আইইউডি</td><td>মাসিক ৪৫</td><td>৩১</td><td>৬৮.৮৯%</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>মাসিক ৯৭</td><td>৯১</td><td>৯৩.৮১%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি পুরুষ</td><td>মাসিক ১৫</td><td>০</td><td>০%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি মহিলা</td><td>১৫</td><td>৭</td><td>৪৬.৬৭%</td></tr>
</table>মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে।<br>২। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় সমিতির বার্ষিক অডিট পরিদর্শন, তদন্ত, মনিটরিং ও ভ্রাম্যমান প্রশিক্ষ কার্যক্রম নিয়মিত হচ্ছে। ২০২২-২০২৩ সনের বার্ষিক অডিট জুলাই/২০২৩ মাস হতে শুরু হয়েছে। সমবায় প্রতিষ্ঠানগুলো নিয়মিতভাবে তদন্ত ও পরিচর্যা করা হচ্ছে। আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ আদায় নিয়মিত হচ্ছে এবং আশ্রয়ণ-২ প্রকল্পের তদারকি অব্যাহত রয়েছে। সমবায় সমিতির নিবন্ধন প্রক্রিয়া অব্যাহত আছে। উপজেলার প্রতিটি ইউনিয়নের আশ্রয়ণ-২ প্রকল্পের পুনর্বাসিত পরিবারকে নিয়ে নতুন করে সমিতি গঠন করে নিবন্ধনের কাজ চলছে। সরকারি রাজস্ব নিয়মিত আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হচ্ছে। তাছাড়া বিভাগীয় এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে,<br>১। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ২৫৩টি জলাধারসহ সাব-মারসিবল পাম্প ও ১৩৭টি নলকূপের স্থাপন কাজ চলমান।<br>২। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ২৬টি করে মোট ৩৯০টি সাব-মারসিবল পাম্পের টেন্ডার প্রক্রিয়া চলমান। সাইট প্রাপ্তি সাপেক্ষে কাজ আরম্ভ করা হবে।<br>৩। গফরগাঁও পৌরসভার জলাবদ্ধতা নিরসণ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নতির লক্ষে আরসিসি প্রাইমারি ৩.০ কিলোমিটার ড্রেন নির্মাণ কাজ চলমান। অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই/২৩ হতে ডিসেম্বর/২৩ খ্রি. মাস পর্যন্ত =১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা বিতরণ করা হয়েছে। ০৭টি ব্যাচের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ খাতে ০১টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। বাকি ০৬টি ব্যাচ প্রশিক্ষণ করার জন্য ব্যাচ প্রস্তুত করা হচ্ছে এবং ঋণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রায় ২৭,০০,০০০/-(সাতাশ লক্ষ টাকা) খেলাপি পড়েছে। আদায় করার জন্য বাড়ি বাড়ি গিয়ে তাগিদ দেয়া হচ্ছে। তেমন কোন ফলাফল পাওয়া যাচ্ছে না। তাছাড়া, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋণ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>২। প্রশিক্ষণ দ্রুত শুরু করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২০ | উপজেলা পরিসংখ্যান বিভাগ: উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, "স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম( এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম" প্রকল্পের আওতায় উপজেলা সুপারভাইজিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২১ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন: উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, গফরগাঁও কার্যালয়ের অসহায় সুবিধা ও বঞ্চিত জন সাধারনের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। অত্র কার্যালয়ে সর্বমোট ৯৪টি সমিতি রয়েছে। উক্ত সমিতিতে সর্বমোট ৩৭৬৫ জন সদস্য রয়েছে। কার্যালয়ে মোট ঋণী সদস্য ২৫৪০ জন। ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩৪২ জন সদস্যদের মধ্যে ১৯২.৩২ (এক কোটি বিরানব্বই লক্ষ বত্রিশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। যাহার আদায়ের হার ৯৬%। এছাড়াও অন্যান্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | উপজেলা আনসার ও ভিডিপি: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ আনাসর ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সারা দেশে শান্তি-শৃঙ্খলা রক্ষা, আর্থ-সামজিক উন্নয়ন ও নিরাপত্তা বিধানে সর্বত্র নিরবিচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে এবং সর্বদা প্রস্তুত আছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী বিভিন্ন ক্যাটাগরি প্রশিক্ষণ করানো হবে যেমন, কম্পিউটার, সেলাই মেশিন, মোবাইল সার্ভিসিং, অটো মেকানিক, ফ্রিজ/এসি মেরামত, সেলাই মেশিন( অতিরিক্ত নকশী কাঁথা), মোটর ড্রাইভিং প্রশিক্ষণ। আগ্রহী আনসার ও ভিডিপি প্রশিক্ষনার্থী প্রশিক্ষনের সুযোগ নিতে পারবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে।<br>২। প্রশিক্ষন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২৩ | পল্লী বিদ্যুৎ বিভাগ: ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সার্বিকভাবে চেষ্টা চলছে।<br>১। বর্তমানে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা ভালো।<br>২। বহুদিনের পুরোনো লাইনের সংস্কার করা হচ্ছে।<br>৩। শীত মৌসুমে স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ রাখার চেষ্টা করা হচ্ছে।<br>৪। সরকারি, আধা-সরকারি, ধাতব্য প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। একাধিকবার চিঠি প্রদানের পরেও বিদ্যুৎ বিল পরিশোধ হচ্ছে না। দিন দিন বকেয়ার পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।<br>৫। দীর্ঘ দিনের বকেয়া টাকা আদায়ের মামলা দায়ের প্রস্তুতি চলছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষে লাল/ উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। সংশ্লিষ্ট সকলকে বকেয়া পরিশোধের জন্য অনুরোধ করেন। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৪ | ইসলামিক ফাউন্ডেশন: ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম কুরআন শিক্ষা এবং ০১চি বয়স্ক কেন্দ্রসহ মোট ২১৭টি শিক্ষা কেন্দ্রে পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া ১টি মডেল ও ৩টি সাধারণ রিসোর্স সেন্টার চালু রয়েছে। যেখানে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশনা এবং অন্যান্য প্রকাশনার বই ও পত্রিকা পাঠের ব্যবস্থা রয়েছে যা সর্বসাধারণের জন্য উন্মুক্ত। তাছাড়া মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রটি চালু হওয়ায় ধর্মপরায়ণ মুসল্লীরা স্বাচ্ছন্দে নামাজ আদায়সহ অন্যান্য ইবাদত পালন করতে পারছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার মসজিদ ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | উসহকারী পাট উন্নয়ন অফিস: উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। গফরগাঁও উপজেলায় নির্বাচিত ২০২২-২০২৩ অর্থ বছরে ৩০০০ বিঘা জমিতে ৩৩০০০ মন পাট উৎপাদন হয়ে থাকে।<br>২। পাটের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরে পাটের চাষী হালনাগাদ করার জন্য সকল সম্মানীত ইউনিয়নের চেয়ারম্যানগণদের কে অবগতি করেন। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। পাট চাষে কৃষকদের উদ্বুদ্ধ করতে হবে।<br>২। পাট চাষীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, গফরগাঁও |
| ২৬ | উপজেলা তথ্য কেন্দ্র: তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপাদের ডোর-টু-ডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রে মহিলাদের সেবা প্রদানের সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ;<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ।<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ।<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান।<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান।<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ।<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য **www.laalsobuj.com** মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসময়হ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। গ্রামীণ মহিলাদের বিভিন্ন অনলাইনে আবেদনে সহযোগীতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মো: আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের নভেম্বর/২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>২। জনাব মো: আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও নভেম্বর/২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,০০০/-(নয় হাজার) টাকা।<br>৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের নভেম্বর/২০২৩ মাসের ভ্রমন ব্যয় বিল বাবদ =৯,০০০/-(নয় হাজার) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর নভেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় জানান যে, খাদ্যবান্ধব কর্মসূচি যেন যথাযথভাবে ব্যবহার হয় সেদিকে সকলকে লক্ষ রাখতে হবে। টিসিবি মালামাল হতদরিদ্রদের মাঝে দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। ৫-১১ বছর বয়সের ছেলে-মেয়েদের টিকা দেয়া হবে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। বিশেষ করে ইউপি চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগীতা প্রদান করার জন্য অনুরোধ জানান। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারগণ বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধির লক্ষে মনিটরিং বাড়াতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ১ইঞ্চি জমিও যেন খালি না থাকে সে বিষয়ে সকলকে সচেতন হতে হবে। প্রতি মাসে ইউনিয়ন মাসিক সভা নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। সকল উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ১। সরকারের সকল উন্নয়ন মূলক কাজ সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, সভায় জানান যে, টিসিবি'র মালামাল যেন সঠিক সময়ে নির্ধারিত স্থানে দেয়া হয় সে ব্যবস্থা করতে হবে। বিতরণের আগের দিন ইউপি চেয়ারম্যানগণকে জানানোর জন্য অনুরোধ করেন। , বিধবা, বয়স্ক, প্রতিবন্ধী ভাতার এমআইএস যে তালিকাগুলির নাম বাদ পরেছে তা কিভাবে সমাধান করা যায় সে বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার পদক্ষেপ গ্রহণ করবেন। প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উপস্থিতি কমে গেছে। বৃদ্ধি করণের লক্ষ্যে দ্রুত পদক্ষেপ নেয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান এবং শিক্ষকগণ যথাসময়ে স্কুলে উপস্থিত নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে পদক্ষেপ গ্রহণ করার | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | জন্য অনুরোধ করেন। কোনো সমস্যা হলে অবশ্যই প্রশাসনকে জানাবেন। শিক্ষার মান বৃদ্ধির বিষয়ে একটু তৎপর হলেই অসম্ভবকে সম্ভব করা যায়।বাল্য বিবাহ প্রতিরোধে সকলেই অনেক সচেতন। ছাত্র-ছাত্রীদের বিষয়ে অভিভাবকদের আরো সচেতন হতে হবে। পুলিশের একার পক্ষে অনৈতিক ঘটনা বন্ধ করা সম্ভব নয়। সকলকেই পুলিশকে সহযোগীতা করতে হবে। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২৩-১৭৬৩/১(৬০) তারিখঃ ২৮.১২.২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, ......................................................... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ................................................................গফরগাঁও,ময়মনসিংহ।
১০। অফিস কপি।

(মেহাম্মদ শফিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।